

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৩, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]  
প্রজ্ঞাপন

তারিখ: ১৮ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ/ ০৩ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও নং ৪০৩-আইন/২০২৪/২৬৫-মুসক।—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৫১-আইন/২০২১/১৪৮-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের ক্রমিক নং (৪৬) এর পর নিম্নরূপ নূতন ক্রমিক নং (৪৭) এবং (৪৮) সংযোজিত হইবে, যথা:—

“(৪৭) বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর বিদ্যুৎ বিভাগের যুগ্ম-সচিব পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কর্মকর্তার নিকট হইতে “কেবলমাত্র নবায়নযোগ্য জ্বালানি নির্ভর বিদ্যুৎ উৎপাদনে ব্যবহৃত হইবে” মর্মে প্রত্যয়ন প্রাপ্তি সাপেক্ষ Solar Panel Manufacturing Plant হিসেবে বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত Photovoltaic cells assembled in modules or made up into panels (8541.43.00), other static converters (8504.40.90), Aluminium Structure And Parts of Structures (7610.90.90) ও Other winding wire of copper (8544.11.90);

( ২৮৬২৩ )

মূল্য : টাকা ৪.০০

(৪৮) CPP Films, BOPP Film and/or BOPET Film উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ (ফরম মূসক-৪.৩ এ উপকরণ কলামে উল্লেখ থাকা সাপেক্ষে)।”।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ  
সচিব।